

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪৬৬

১. পবিত্রতা (১)

পরিচ্ছেদঃ ৫১. বসে বসে ঘুমালে তাতে উযু নষ্ট হয় না

بَابُ مَا رُوِيَ فِي النَّوْمِ قَاعِدًا لَا يَنْقُضُ الْوُضُوءَ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ ، نَا مُحَمَّدُ بْنُ حُمَيْدٍ ، نَا ابْنُ الْمُبَارَكِ ، أَنَا مَعْمَرٌ ، عَنْ قَتَادَةَ ، عَنْ أَنَسٍ ، قَالَ : " لَقَدْ رَأَيْتُ أَصْحَابَ رَسُولِ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ يُوقَظُونَ لِلصَّلَاةِ حَتَّى إِنِّي لَأَسْمَعُ لِأَحَدِهِمْ غَطِيطًا ، ثُمَّ يُصَلُّونَ وَلَا عَنْدَا عِنْدَنَا وَهُمْ جُلُوسٌ . صَحِيحٌ يَتَوَضَّنُونَ " . قَالَ ابْنُ الْمُبَارَكِ : هَذَا عِنْدَنَا وَهُمْ جُلُوسٌ . صَحِيحٌ

বাংলা

৪৬৬(২). আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে আবদুল আযীয (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি অবশ্যই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীদের নামাযের জন্য ঘুম থেকে জেগে উঠতে দেখেছি। এমনকি আমি তাদের কারো নাক ডাকার শব্দও শুনেছি। তারপর তারা নামায পড়তেন কিন্তু (পুনরায়) উযু করতেন না (মুসলিম, আবু দাউদ, তিরমিয়ী)।

ইবনুল মুবারক (রহঃ) বলেন, আমাদের মতে সাহাবীগণ (মসজিদে এসে) বসে বসে ঘুমাতেন। এই হাদীস সহীহ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন